

৪। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 8 = 80$

- (ক) কর্নওয়ালিশি ভূমি-ব্যবস্থা সম্পর্কে যা জানো লেখো।
- (খ) বাংলার কালচারের দশদিক কী কী তা বুঝিয়ে দাও।
- (গ) বাংলার মানসিক ও আধ্যাত্মিক সংস্কৃতির একটি পরিচয় লিপিবদ্ধ করো।
- (ঘ) বাংলার মানস-সংস্কৃতিতে দ্রাবিড়-ভাষীদের অবদান পর্যালোচনা করো।
- (ঙ) তোমার পাঠ্য অংশ অবলম্বনে বিভিন্ন প্রদেশ থেকে বাংলায় এসে রাজত্ব করেছেন এমন কয়েকটি রাজবংশের পরিচয় দাও।
- (চ) প্রাচীন বঙ্গের জীবনচিত্রে বাসনা, ব্যসন ও নগরাদর্শ কেমন ছিল তার একটি বিবরণ দাও।
- (ছ) প্রাচীন বঙ্গদেশের খাদ্যাভ্যাস সম্বন্ধে একটি প্রতিবেদন প্রস্তুত করো।
- (জ) প্রাচীন বঙ্গদেশে অবস্থিত নগর ও পল্লিবাসিনীদের পরিচয় দাও।

2023

BENGALI

Paper : BEN-HC-2026

(বাঙালির সামাজিক ও সাংস্কৃতিক পরিচয়)

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 10 = 10$

- (ক) কোন্ নৃত্ত্ববিদ ভারতবর্ষে নিগ্রোবটুদের অস্তিত্ব স্বীকার করেন না?
- (খ) আদি অস্ট্রেলীয় নরগোষ্ঠীর যে অংশ মধ্য ও পূর্ব ভারতের অধিবাসী, ফন্ আইকস্টেডট তাদের কী নামকরণ করেছেন?
- (গ) অসমের পূর্ব প্রান্তে চিনদেশের সীমায় য়ুনান প্রদেশকে ত্রয়োদশ শতক পর্যন্ত প্রাচ্য ভৌগোলিক ব্যবসায়ীরা কী নামে অভিহিত করতেন?
- (ঘ) কোন্ আদিম জনগোষ্ঠীর মানুষ মৃতদেহকে কাপড় বা গাছের ছালে জড়িয়ে ডালে বুলিয়ে রাখত বা মাটিতে পুঁতে তার ওপর বড়ো বড়ো পাথর দাঁড় করিয়ে রাখত?

- (ঙ) আবুল ফজল কোন্ গ্রন্থে 'বাঙলা-বাঙ্গালা' নামের ব্যাখ্যা দিয়েছেন?
- (চ) ১২৩৪ খ্রিস্টাব্দের মেহর লিপি অনুসারে ত্রিপুরা কোন্ ভুক্তির অন্তর্গত ছিল?
- (ছ) 'প্রাকৃত পৈঙ্গল' গ্রন্থের অন্তর্গত বাঙালির খাদ্য তালিকাটিতে কোন্ শাকের উল্লেখ আছে?
- (জ) বাংলার কালচারের প্রথম পর্ব কোনটি?
- (ঝ) গরাণহাটী, মনোহরশাহী, রাণিহাটী—এই নামগুলো বঙ্গ সংস্কৃতির কোন্ দিকটিকে নির্দেশ করে?
- (ঞ) বাংলার জমিদারী ব্যবস্থায় কত সালে 'চিরস্থায়ী বন্দোবস্ত' নীতি প্রয়োগ করা হয়েছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) কর্ণাট প্রদেশ ও তামিলভূমি থেকে কোন্ দুটি রাজবংশ একাদশ শতকে বঙ্গদেশে সার্থক বিজয়াভিযান করেছিলেন?
- (খ) প্রাচীন বাংলার জনপদ বিভাগের কথা বলতে গিয়ে সর্বপ্রথমে কোন্ দুটি বিভাগের নাম মনে আসে?
- (গ) রাজপরিবারের এবং অভিজাতবর্গের পুরুষদের মধ্যে কোন্ দুটি ক্রীড়া সুপ্রচলিত ছিল?

- (ঘ) বাংলার কালচারের যে কোনো দুটি কেন্দ্রের নাম লেখো।
- (ঙ) ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য অনুযায়ী এমন দুটি গ্রন্থের নাম লেখো যেখানে 'বাবুর যুগ' চিরস্থায়ী হয়ে আছে?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) ঔপনিবেশিক ব্যবস্থায় বাংলার পল্লীশিল্প কীভাবে ধ্বংস হয়েছিল, লেখো।
- (খ) বাংলার চিত্রবিদ্যার একটি পরিচয় দাও।
- (গ) বাংলার 'কালচার' ও 'সংস্কৃতি'র মধ্যে কী প্রভেদ তা গোপাল হালদারের বক্তব্য অনুসরণে উল্লেখ করো।
- (ঘ) সেন ও পাল রাজারা কোন্ উপাধিতে পরিচিত হতে ভালোবাসতেন? রাজা শশাঙ্কের পর থেকে কোন্ তিনটি জনপদ বঙ্গদেশের সমার্থক হয়ে ওঠে? এই জনপদগুলো ছাড়া পূর্ব ও দক্ষিণবঙ্গে যে কয়টি জনপদ গড়ে উঠেছিল তাদের নাম লেখো। $১+২+২=৫$
- (ঙ) ব্রাকিড জনগোষ্ঠীর একটি পরিচয় দাও।
- (চ) টীকা লেখো :

তাম্রলিপ্ত জনপদ অথবা বাঙালির গৃহক্রীড়া